# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২০০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে বিষয়টি বর্ণনা করলাম, তার গুরুত্বারোপ প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ التَّأْكِيدِ فِي الْأَمْرِ الَّذِي وَصَفْنَاهُ

আরবী

2200 - أَخْبَرَنَا ابْنُ قُتَيْبَةَ قَالَ: أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا مُلَازِمُ بْنُ عَمْرٍو قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ بَدْرٍ قَالَ: حَدَّثَنِي عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَلِيِّ بْنِ شَيْبَانَ الْحَنَفِيِّ قَالَ: حَدَّثَنَا أَبِي عَلِيُّ بْنُ شَيْبَانَ: وَكَانَ أَحَدَ الْوَفْدِ الَّذِينَ وَفَدُوا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ بَنِي حَنِيفَةَ قَالَ: صَلَّيْتُ خَلْفَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا قَضَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاتَهُ نَظَرَ إِلَى رَجُلٍ خَلْفَ الصَّفِّ وَحْدَهُ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (هَكَذَا صَلَّيْتَ)؟ قَالَ: نَعَمْ قَالَ: (فَأَعِدْ صَلَاتَكَ فَإِنَّهُ لَا صَلَاةَ لِفَرْدٍ خَلْفَ الصف وحده)

الراوي : عَلِيّ بْن شَيْبَانَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2200 | خلاصة حكم المحدث: صحيح – ((الإرواء)) (2/ 328 و329

বাংলা

২২০০. আলী বিন শাইবান, যিনি প্রতিনিধিদলের একজন ছিলেন, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে সালাত আদায় করি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তাঁর সালাত শেষ করেন, তখন তিনি কাতারের পিছনে এক ব্যক্তিকে একাকী দেখতে পেয়ে তাকে বললেন, “তুমি এভাবে সালাত আদায় করেছো?” জবাবে তিনি বলেন, “জ্বী, হ্যাঁ।” তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেন, “ তুমি পুনরায় সালাত আদায় করো। কেননা কাতারের পিছনে একাকী কোন সালাত নেই।”[1]

## ফুটনোট

[1] ইবনু সা'দ: ৫/৫৫১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/১৯৩; মুসনাদ আহমাদ: ৪/২৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৩৯৪; ইবনু মাজাহ: ১০০৩; সুনান বাইহাকী: ৩/১০৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫৬৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২/৩২৮-৩২৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আলী ইবনু শায়বান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91518

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন